তারিখ ... 16 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

সমকাল

রাবিতে স্বাস্থ্যমন্ত্রী

# এই সরকারের আমলেই হবে শিক্ষক হত্যার বিচার

■ রাজশাহী ব্যুরো ও রাবি সংবাদদাতা

ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী মুকুল হত্যার প্রতিবাদ এবং শিক্ষকদের আন্দোলনের সঙ্গে সংহতি জানাতে গতকাল রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন স্বাস্থ্যমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মোহাম্মদ নাসিম। সঙ্গে ছিলেন ১৪ দলের নেতারাও। এর আগের দিন সংহতি জানাতে আসেন স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ১৪ দলের নেতাকর্মীদের সঙ্গে সংহতি ও মতবিনিময় সভার আয়োজন করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। সভায় মোহাম্মদ নাসিম বলেন, 'আমি বিশ্বাস করি, এ

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## এই সরকারের আমলেই হবে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

সরকারের আমলেই শিক্ষক রেজাউল করিম হত্যাকারীদের গ্রেফতার এবং তদন্ত শেষে বিচার সম্পন্ন হবে। আপনারা এরই মধ্যে অনেক বিচার সম্পন্ন হতে দেখেছেন। এসব হত্যাকারীর বিরুদ্ধে প্রতিরোধের প্রাচীর গড়ে তুলতে হবে।'

রাজশাহীবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে মোহাম্মদ নাসিম বলেন, 'মুক্তিযুদ্ধের পরাজিত শক্তি জামায়াত-শিবির এ অঞ্চলে তাদের ঘাঁটি গেড়েছিল। এখন তারা আত্মগোপনে গিয়ে হামলা করছে। কারণ জনগণ তাদের পক্ষে নেই। আপনারা সবাই মিলে এদের বিরুদ্ধে প্রতিরোধের দুর্গ গড়ে তুলুন। আপনারা আমাদের সহায়তা করলে এ অঞ্চলের সন্ত্রাস দূর করা সম্ভব।'

সভায় ফজলে হোসেন বাদশা এমপি বলেন, 'রেজাউল করিম হত্যার রক্ত শুকাতে না শুকাতে যে বৌদ্ধ ভিক্ষু খুন হলেন, তাতে বোঝা যায় সন্ত্রাস এখন আর আঞ্চলিক কোনো বিষয় নয়। জাতীয় ইস্যু হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশকে নিয়ে গভীর ষড়যন্ত্র চলছে। মুক্তিযুদ্ধে যেভাবে লড়াই করেছি, এদের বিরুদ্ধেও সেভাবে লড়াই করেই বিজয় ছিনিয়ে আনতে হবে।'

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন বলেন, 'দ্রুত শিক্ষক হত্যার বিচার চাই। আশা করছি খুব শিগগিই ইতিবাচক ফল পাব।'

সাবেক শিল্পমন্ত্রী ও ১৪ দল নেতা দিলীপ বড়ুয়া বলেন, '৭১ এর পরাজিত শক্তির সঙ্গে এটা আমাদের মতাদর্শের লড়াই। এ লড়াইয়ে আমাদের জয়লাভ করতেই হবে।'

নিহত শিক্ষক রেজাউল করিম সিদ্দিকীর কন্যা রিজওয়ানা হাসিন শতভী বলেন, 'হত্যার প্রথম দিন থেকে শুধু আশ্বাসই পাচ্ছি বিচার হবে। এখনও খুনিরা চিহ্নিত হয়নি। ২৩ দিন পর এসে মনে হচ্ছে, এ আশ্বাসটা আসলে কথার কথা।'

রাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল্লাহর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শাহ আজম শান্তনুর সঞ্চালনায় মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন– রাবির উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান সজল, ১৪ দল নেতা ও সাংসদ নাজমুল হক প্রধান, ড. শাহাদাত হোসেন, রেজাউর রশিদ খান, এস কে শিকদার, ডা. অসিত রায়, মুহাম্মদ আলী ফারুকী, এজাজ আহমেদ, মুজিবুল হক, রাজশাহী জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান আসাদ, ইংরেজি বিভাগের শিক্ষক আবদুল্লাহ আল মামুন, শিক্ষার্থী রফিকুল আলম সোহান প্রমুখ।

সংহতি ও মতবিনিময় সভা শেষে স্বাস্থ্যমন্ত্রী, ১৪ দলের নেতাদের সঙ্গে নিহত শিক্ষক রেজাউল করিম সিদ্দিকীর বাড়িতে যান। এ সময় তারা শিক্ষকের স্ত্রী, পুত্র ও কন্যার সঙ্গে বসে কথা বলেন। তারা দ্রুত হত্যাকারীদের খুঁজে বের করে বিচারের আওতায় আনার আশ্বাস দেন। এর আগে তারা শিক্ষক হত্যার ঘটনাস্থল পরিদর্শন করেন।